

# কালের কর্ত্ত

আপডেট : ২৭ মে, ২০১৮ ২৩:৩০

কোটালীপাড়ায় এইচএসসি পরীক্ষা

আইসিটি ব্যাবহারিকে টাকা লেনদেন

 আইসিটি ব্যাবহারিকে টাকা লেনদেন

গোপালগঞ্জের কোটালীপাড়া শেখ লুৎফর রহমান আদর্শ সরকারি কলেজে এইচএসসির আইসিটির ব্যাবহারিক পরীক্ষায় শিক্ষার্থীগুলি ৩০০ টাকা করে নেওয়া হয়েছে। শিক্ষার্থীদের অভিযোগ, যারা এই টাকা দিয়েছে, তাদেরকে ২৪ নম্বর দেওয়া হবে। আর যারা কম টাকা দিয়েছে, তাদের ১৫-১৬ নম্বর দেওয়া হবে।

কলেজ সূত্রে জানা গেছে, চলতি বছর এই কলেজ থেকে ৬৯০ জন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। আইসিটি ব্যাবহারিক পরীক্ষা প্রতিটি বিভাগের শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তাই প্রত্যেক শিক্ষার্থী এ বিষয়ের লিখিত ও ব্যাবহারিক পরীক্ষায় অংশ নেয়। গত ১৫ মে এই কলেজে আইসিটির ব্যাবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

এইচএসসি পরীক্ষার্থী হামিদুর রহমান জানায়, সে আইসিটির ব্যাবহারিক পরীক্ষায় অংশ নিয়ে ৩০০ টাকা দিয়েছে। আইসিটি বিভাগের দায়িত্বে থাকা শিক্ষকরা তাদের কাছ থেকে এই টাকা নেন। তাদের সহপাঠীরাও এই টাকা দিয়েছে। ৩০০ টাকার কম দিলে ব্যাবহারিক পরীক্ষায় ১৫-১৬ নম্বর দেওয়া হবে বলে জানানো হয়েছে। তবে সে কত নম্বর পেয়েছে, তা জানতে পারেনি।

আরেক পরীক্ষার্থী রাসেল হাওলাদার বলে, ‘পরীক্ষার্থীদের নামের তালিকা করে পাশে টাকার অঙ্ক লেখা হয়েছে। কোনো কোনো পরীক্ষার্থী ২০০ টাকা দিয়েছে। আমি ৩০০ টাকা দিয়েছি। পরে শিক্ষকরা নামের পাশে নম্বর বসাবেন।’

নাম প্রকাশ না করার শর্তে এক শিক্ষার্থী বলে, ‘পরীক্ষার খরচ বাবদ আমাদের কাছ থেকে টাকা নিয়েছে। টাকা না দিলে নম্বর কমে যাবে, এ কারণে আমরা দিয়েছি। প্রতিবছর এভাবে নাকি নিয়ে থাকে। টাকা নেওয়া এখন নিয়মে পরিণত হয়েছে।’

কোটালীপাড়া শেখ লুৎফর রহমান আদর্শ সরকারি কলেজের অধ্যক্ষ সর্বানন্দ বালা জানান, শিক্ষা অধিদপ্তরের পরিপত্রে আইসিটির ব্যাবহারিক পরীক্ষায় টাকা আদায়ের কোনো বিধান নেই। এই কলেজে আইসিটির কোনো শিক্ষক নেই। আইসিটি প্রশিক্ষণপ্রাঙ্গ বিভাগ বিভাগের তিনজন শিক্ষক দিয়ে বিভাগ চালানো হচ্ছে। ব্যাবহারিক পরীক্ষা নেওয়ার জন্য সহকারী অধ্যাপক এফ এম সালাহউদ্দিন, নিরমণ্ডুরী মাওলানা, অমিয় বিশ্বাস ও ইয়াদুল ইসলামকে দিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। তাঁরাই পরীক্ষা গ্রহণ করছেন। তিনি বলেন, ‘টাকা আদায়ের ব্যাপারে কমিটির সদস্যরা ভালো বলতে পারবেন। বিষয়টি আমার জানা নেই।’

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)